

২০০৭  
২৪

## মাধ্যমিক পরীক্ষায় নতুন ধারার প্রশ্ন পদ্ধতি প্রণয়ন সম্পর্কে

২০০৯ সালের মাধ্যমিক (এসএসসি) পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতিতে নেয়া হবে বলে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। এ বিশেষ কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতিতে নির্দিষ্ট কিছু বিষয়ের ওপর কিছু মন্তব্য করে সে সম্পর্কে কয়েকটি প্রশ্ন করা হবে। এসব প্রশ্নের মান ক্রমান্বয়ে বাড়বে ও সর্বশেষ প্রশ্নটি সর্বোচ্চ মানের হবে এবং এই সর্বশেষ প্রশ্নের উত্তরটিই ছাত্রছাত্রীর যোগ্যতার পরিচয় বহন করবে। এই ধরনের প্রশ্ন পদ্ধতি নিম্নসম্মেহে প্রশংসার দাবিদার। কিন্তু এটা ভুলে যাওয়া উচিত নয়, যেটা চর্চার বিষয়। প্রবাদে আছে- গাইতে গাইতে গায়ন। যে সব শিক্ষার্থী ২০০৯ সালের মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বর্তমানে নবম শ্রেণীর ছাত্রছাত্রী। এখন ২০০৭ সালের মাঝামাঝি। একটি ভিন্ন ধরনের প্রশ্ন পদ্ধতিতে নিজেদের অভ্যস্ত করার জন্য প্রয়োজনীয় সময় তাদের হাতে নেই। এমনকি বর্তমান শিক্ষাক্রমের অধীনে যে সব পাঠ্যপুস্তক শিক্ষার্থীরা অধ্যয়ন করেছে তা মোটেও কাঠামোবদ্ধ প্রশ্ন প্রণয়নের সহায়ক নয়।

বাংলাদেশের সার্বিক শিক্ষার মান রাজধানীর ওটিকয়েক বিখ্যাত স্কুলের শিক্ষার মান দিয়ে কখনই বিবেচনা করা উচিত নয়। এদেশে মাধ্যমিক শ্রেণীতে এমন অনেক শিক্ষার্থী রয়েছে, যাদের স্কুলের শিক্ষকদের কাছে প্রাইভেট পড়ার বা গৃহশিক্ষক রাখার সামর্থ্যটুকু নেই। তারা তাদের পাঠ্যবই ও শ্রেণীকক্ষে শিক্ষকদের দিকনির্দেশনার ওপর নির্ভর করেই অধ্যয়ন করে। এইসব শিক্ষার্থীকে নতুন কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতির সঙ্গে পরিচিত

করে তুলতে তাদের শিক্ষকদের যথেষ্ট পরিশ্রম হবে। এমনকি তাদের শিক্ষকরাও এই প্রশ্ন পদ্ধতিতে প্রশ্নের উত্তর নিয়ে দ্বিধায় পড়তে পারেন- এ ধরনের আশঙ্কাও অমূলক নয়।

আমাদের দেশে মাধ্যমিক শ্রেণীর শিক্ষাক্রমের নিরিখেই নিম্নমাধ্যমিক শ্রেণীগুলোর (৬ষ্ঠ থেকে ৮ম) শিক্ষাক্রম নির্ধারণ করা হয়। তাই মাধ্যমিক শ্রেণীর পাঠ্যসূচিতে যে কোনো পরিবর্তন আনার আগে নিম্নমাধ্যমিক শ্রেণীর পাঠ্যসূচিতে পরিবর্তন আনা আবশ্যিক। সেজন্য বর্তমান পাঠ্যসূচির অধীনে প্রথমেই মাধ্যমিক শ্রেণীতে কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি প্রণয়নের সিদ্ধান্ত মোটেও যুক্তিযুক্ত নয় বরং তা সর্বপ্রথম ৬ষ্ঠ শ্রেণীর শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করতে হবে এবং ক্রমান্বয়ে তা মাধ্যমিক শ্রেণীতে উন্নীত করতে হবে। তাহলেই শিক্ষার্থীরা নতুন ধরনের প্রশ্ন পদ্ধতিতে অভ্যস্ত হওয়ার সুযোগ পাবে।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে সর্বিনয় অনুরোধ, ২০০৯ সালের মাধ্যমিক পরীক্ষায় নয় বরং ৬ষ্ঠ শ্রেণীর নতুন পরিবর্তিত পাঠ্যবইয়ের অনুশীলনীতে কাঠামোবদ্ধ প্রশ্ন সংযোজন ও পরীক্ষায় প্রণয়নের মাধ্যমে ক্রমান্বয়ে তা মাধ্যমিক শ্রেণীতে চালু করুন।

মো. ফারুকুল ইসলাম,  
নয়াটোলা, মগবাজার, ঢাকা ১২১৭।  
আফ্রিদ জাহান (তুপি),  
শেষ বর্ষ (এমবিবিএস),  
ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ।